



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১২৫১

তারিখঃ ০৪/০২/২০১৪ ইং


প্রেস বিজ্ঞপ্তি

৫০৭ তম কমিশন সভা অদ্য ০৪/০২/২০১৪ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় কমিশনের Notification No. SEC/CMRRCD/2009-193/49/Admin/3-48 dated July 14, 2010 অনুসারে প্রেসমেন্ট শেয়ারহোল্ডারদের লক ইন সময় অতিক্রান্ত হওয়ার পর ঘোষণার (declaration) মাধ্যমে শেয়ার বিক্রি করার ক্ষেত্রে ৩০ দিনের যে বাধ্যবাধকতা ছিল তা প্রত্যাহার করা হয়। কিন্তু Sponsor Shareholder, Director এবং ৫ শতাংশ বা এর অধিক শেয়ারহোল্ডারগণ এর ক্ষেত্রে বর্ণিত নোটিফিকেশন অনুযায়ী পূর্বের নিয়ম বলবৎ থাকবে। এছাড়া, ইতোমধ্যে সাধারণ প্রেসমেন্ট শেয়ার হোল্ডারগণ যারা কমিশনের অনুমতি নেয়া সত্ত্বেও নির্দিষ্ট ৩০ দিনের মধ্যে শেয়ার বিক্রি করতে ব্যর্থ হয়েছে তাদের ক্ষেত্রেও ৩০ দিন সময়ের মধ্যে বিক্রির আর কোন বাধ্যবাধকতা থাকল না। এ বিষয়ের একটি নোটিফিকেশন অতি শীঘ্রই জারী করা হবে।
২. কমিশন বে-মেয়াদী (Open-end) CAPM Unit Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। মিউচুয়াল ফান্ডটির আকার হচ্ছে ১০ কোটি টাকা। উদ্যোক্তার অংশ ১ কোটি টাকা এবং বাকী ৯ কোটি টাকা সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির অভিহিত মূল্য ১০০ টাকা এবং সম্পদ ব্যবস্থাপক Capital & Asset Portfolio Management Ltd.। উল্লেখ্য যে, এটি প্রথম বেমেয়াদী ফান্ড যা ইলেকট্রনিক পদ্ধতিতে লেনদেন (Electronic Trading) এবং ইলেকট্রনিক সার্টিফিকেট প্রদান করা হবে।
৩. সভায় Generation Next Fashions Limited এর রাইটস্ শেয়ার (২৯৩ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ৩টি সাধারণ শেয়ারের বিপরিতে ২টি রাইটস্ শেয়ার) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। এই রাইটস্ শেয়ারের মাধ্যমে Generation Next Fashions Limited -কে কমিশন ১১,২৪,৭৮,৪০০ টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ১০/- মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি পুঁজি উত্তোলন করে BMRE এবং ঋণ পরিশোধ এর লক্ষ্যে ব্যবহার করবে। এই রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে ICB Capital Management Ltd.।
৪. The Peninsula Chittagong Limited এর ৩০ টাকা মূল্যমানের (২০ টাকা প্রিমিয়ামসহ) ৫.৫০ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৬৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে বিদ্যমান হোটেলের সম্প্রসারণ এবং চট্টগ্রাম এয়ারপোর্টের সন্নিহিতে আরো একটি নতুন হোটেল নির্মাণসহ ব্যাংক ঋণ পরিশোধ খাতে ব্যয় করবে। The Peninsula Chittagong Limited এর ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ২.৪৯ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) রিভ্যালুয়েশনসহ ৩২.৭৩ টাকা। উল্লেখ্য, The Peninsula Chittagong Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্ব নিয়োজিত রয়েছে Lanka Bangla Investment Ltd.।
৫. আজকের সভায় United Power Generation & Distribution Company Limited -কে বুক বিল্ডিং পদ্ধতিতে ৩.৩০ কোটি সংখ্যক সাধারণ শেয়ার বিডিং এর জন্য অনুমোদন দেয়া হয়েছে। The United Power Generation & Distribution Company Limited এর ৩১শে ডিসেম্বর ২০১২ সালে সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১০.২১ টাকা। United Power Generation & Distribution Company Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্ব নিয়োজিত রয়েছে LankaBangla Investment Ltd. এবং Registrar to the Issue হল ICB Capital Management Ltd.। উল্লেখ্য, ৬ ক্যাটাগরির ২৮টি ইলিজিবল প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী (Eligible Institutional Investors) কর্তৃক নির্দেশক মূল্য ৬০ টাকা (৫০ টাকা প্রিমিয়ামসহ) সমর্থিত হয়েছে। বিডিং এর পরে ইস্যু মূল্য নির্ধারণপূর্বক প্রসপেক্টাস অনুমোদনের প্রক্রিয়া শুরু হবে। কোম্পানিটি পুঁজি উত্তোলন করে দীর্ঘ মেয়াদী ঋণ পরিশোধ, চলতি মূলধনের সংস্থান এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ নির্বাহ করবে।
৬. সভায় প্রাথমিক গণ প্রস্তাব (IPO), পুনঃগণ প্রস্তাব (RPO) এবং রাইটস্ ইস্যু (Rights Issue) র ক্ষেত্রে Securities and Exchange Ordinance, 1969 এর Section 2CC এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন নিম্নবর্ণিত নতুন শর্ত (condition) আরোপ (imposed) করেছে :

“Status report of utilization of fund shall be audited by foreign affiliated auditors’ and shall be submitted to the Commission on quarterly basis authenticated by the board of directors;”

অর্থাৎ আইপিও, আরপিও এবং রাইটস্ ইস্যুর তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন Foreign affiliated নিরীক্ষক দ্বারা নিরীক্ষাপূর্বক পরিচালনা পরিষদের প্রত্যয়নসহ ত্রৈমাসিক ভিত্তিতে কমিশনে জমা দিতে হবে।


08/02/2018

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র